

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ফেনী সরকারী কলেজ, ফেনী।

তারিখ : ১৬/০৭/২০১৮ খ্রি .

**২০১৭ সালের অনার্স ৪র্থ বর্ষ (বিশেষ) পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১০-২০১১, ২০১১-২০১২ এবং ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের ২০১৭ সালের ৪র্থ বর্ষ অনার্স বিএ/বিএসএস/বিবিএ/বিএসসি কোর্সের (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম পূরণ সংক্রান্ত আবেদন ও সংশ্লিষ্ট বিষয় কোর্স সমূহের যাবতীয় কার্যক্রম Online- এ ১০ জুলাই ২০১৮ তারিখ থেকে শুরু হবে।

উক্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে MICR পে-অর্ডার এর ফি জমা দিয়ে আবেদন ফরম সংগ্রহ করে নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে ফরম জমা দেওয়ার নির্দেশ দেয়া গেল।

নিম্নে বিষয়ভিত্তিক আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ দেয়া হল :

ক্রমিক নং	বিষয়	ফরম পূরণ ও জমাদানের তারিখ	সময়
১	বাংলা, ইংরেজী, ইতিহাস, ইসঃইতিহাস,	২২/০৭/২০১৮	সকাল ৯.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত
২	অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম		
৩	হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা	২৩/০৭/২০১৮	
৪	পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, গণিত	২৪/০৭/২০১৮	

**সেশন ফি ও পরীক্ষার ফি নিম্নরূপ**

ক্রমিক নং	বিষয়	পরীক্ষার ফি/ (পূর্ণপত্র) অনিয়মিত	সেশন ফি	মোট	অনিয়মিত	মন্তব্য
১	বাংলা	৩,৫০০/-	২,৯৫০/-	৬,৪৫০/-	৩,৮০০/-	যে সকল পরীক্ষার্থী সেশন ফি পরিশোধ করেছে তাদেরকে সেশন ফি এর পে অর্ডার করতে হবে না শুধু মাত্র তাদের পরীক্ষার ফি বাবদ পে-অর্ডার করতে হবে।
২	ইসলামের ইতিহাস/ইতিহাস অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান/সমাজকর্ম/ হিসাববিজ্ঞান/ব্যবস্থাপনা/ ইংরেজী	৩,৭০০/-	২,৯৫০/-	৬,৬৫০/-	৪,০০০/-	
৪	গণিত	৪,২২০/-	৩,০৫০/-	৭,২৭০/-	৪,৫২০/-	
৫	রসায়ন, প্রাণি, উদ্ভিদ	৪,০২০/-	৩,০৫০/-	৭,০৭০/-	৪,৩২০/-	

**গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি নিম্নরূপ:**

১ বিষয়	-	-	-	-	-	-	- ১৪৫০/-
২ বিষয়	-	-	-	-	-	-	- ১৬৫০/-
৩ বিষয়	-	-	-	-	-	-	- ১৮৫০/-
৪ বিষয়	-	-	-	-	-	-	- ২০৫০/-
৫ বিষয়	-	-	-	-	-	-	- ২২৫০/-
৬ বিষয়	-	-	-	-	-	-	- ২৪৫০/-

◆ শুধুমাত্র সমাজকর্ম বিভাগে মাঠকর্ম পত্রে অংশগ্রহণ পরীক্ষার্থী পরীক্ষা ফি নগদ ১০০০/- (এক হাজার টাকা) মাত্র বিভাগীয় সেমিনার ফান্ডে জমা দিবে।

নিয়মিত ,অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি জমা দান পদ্ধতি ফেনী পৌর এলাকার যে কোন সোনালী ব্যাংক থেকে **অধ্যক্ষ** **ফেনী সরকারী কলেজ** এর নামে এম,আই,সি,আর পে-অর্ডার সংগ্রহ করতে হবে।  
বিশেষ দ্রষ্টব্য :- এখানে উল্লেখ্য যে , পৌর এলাকার বাহিরে কোন ব্যাংক থেকে পে-অর্ডার সংগ্রহ করা হলে, এম,আই,সি,আর পে-অর্ডার সংগ্রহ করা না হলে বা বিজ্ঞপ্তিতে উল্লেখিত পরিমাণ টাকার অংকের সমপরিমাণ পে-অর্ডার সংগ্রহ করা না হলে অথবা **অধ্যক্ষ** **ফেনী সরকারী কলেজ** এই ঠিকানা ব্যতিরেকে অন্য কোন নামে পে-অর্ডার সংগ্রহ করা হলে তা গ্রহণ করা হবে না।

## ১. আবেদন ফরম সংগ্রহ :

অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার আবেদন ফরম পীক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষা বিষয়ক  
ওয়েব সাইট : [www.nubd.info/honours](http://www.nubd.info/honours)

থেকে প্রিন্ট করে অথবা প্রিন্টকৃত কপি থেকে ফটোকপি করে নিতে পারবেন। পরীক্ষার্থী নিজে আবেদন ফরম পূরণ করার পর নির্ধারিত ফিস স্ব-স্ব বিভাগে জমা দিবে। আবেদন ফরম এর সাথে ০২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজ ছবি সংযুক্ত করতে হবে।


**বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।**

পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

- ২০১০-২০১১, ২০১১-২০১২ ও ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল ছাত্র/ছাত্রী ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা ২০১৭ সালের ৪র্থ বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষায় ঐ সকল কোর্সে অংশগ্রহণ করতে পারবেন।
- ২০১০-২০১১, ২০১১-২০১২ ও ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের যে সকল পরীক্ষার্থী অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় Promoted হয়ে অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা ২০১৫ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করে Promoted হয়েছে সে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের ৪র্থ বর্ষ অনার্স (বিশেষ) পরীক্ষায় হিসেবে অংশগ্রহণ করতে পারবেন।
- অনার্স ১ম বর্ষ, ২য় বর্ষ এবং ৩য় বর্ষ পরীক্ষায় কোন কোর্সে F গ্রেড প্রাপ্ত হলে ফরম পূরণের সুযোগ থাকবে না।

## বিভাগীয় প্রধানগণ :

পূরণকৃত আবেদন ফরমের পত্র, বিষয়কোড ,রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি যাচাই পূর্বক আবেদন ফরমে বিভাগীয় প্রধানগণ স্বাক্ষর আবশ্যিক। আবেদন ফরম জমা গ্রহণের পর কম্পিউটার ইনপুট করে পরীক্ষার্থীর নাম, রেজি : নং, বিষয় কোড যাচাই বাচাই করে কম্পিউটার বিবরণীতে বিভাগীয় প্রধান স্বাক্ষর করবেন। পরীক্ষার্থীর বিবরণীতে কোন ভুলত্রুটির জন্য সংশ্লিষ্ট বিভাগ দায়ী থাকবে। ব্যাংক ড্রাফট করার ২ দিন পূর্বেই ( বিভাগীয় প্রধান স্বাক্ষরকৃত) বিবরণী কলেজ অফিসে জমা দিতে হবে।

  
অধ্যক্ষ  
ফেনী সরকারী কলেজ, ফেনী  
ফেনী সরকারী কলেজ, ফেনী।  
